**প্রশ্ন:- ট্রাজেডি ও এপিক-এর তুলনামূলক আলোচনা।**
**(প্রশ্নামান-৬)**

**উত্তর:-** আরিস্টটল তাঁর 'poetics' গ্রন্থের চতুর্বিংশ অধ্যায়ে ট্রাজেডি ও মহাকাব্যের সাদৃশ্য-বৈসাদৃশ্য নিয়ে একটি তুলনামূলক আলোচনা করেছেন।ট্রাজেডি ও মহাকাব্যের সাদৃশের কথা বলতে গিয়ে তিনি বলেছেন-

১) ট্রাজেডি যেমন গুরুগম্ভীর ঘটনার অনুকরণ,মহাকাব্যও তেমনই লঘু ঘটনাকে বর্জন করে গুরুগম্ভীর ঘটনাকে অনুকরণ করে। এই অনুকরণের বিষয় উন্নত শ্রেণির চরিত্র এবং রীতি হলো ছন্দোময়।

২) ট্রাজেডির মতোই মহাকাব্যের ঘটনা আদি-মধ্যে-অন্ত পর্ব বিশিষ্ট এবং স্বয়ংসম্পূর্ণ।

৩) ট্রাজেডির যত রকম প্রকারভেদ আছে,মহাকাব্যও তত প্রকার। অর্থাৎ ট্রাজেডির মতোই মহাকাব্য সরল(Simple),জটিল(Complex),নীতিমূলক(Ethical) ও করুন রসাত্মক(Pathetic)।

৪) ট্রাজেডির মতোই মহাকাব্যে ঘটনা-বিপর্যয়(Peripety) ও আবিষ্ক্রিয়া(Discovery) এবং দুঃখ-দুর্দশার কথা থাকে।

কিন্তু আরিস্টটল মহাকাব্য ও ট্রাজেডির মধ্যে কিছু সাদৃশ্য লক্ষ করলেও যথেষ্ট বৈসাদৃশ্য যে আছে তা উল্লেখ করেছেন। তিনি মহাকাব্য ও ট্রাজেডির বৈসাদৃশ্যের কথা বলতে গিয়ে বলেছেন-

১)মহাকাব্যের আয়তন ট্রাজেডির তুলনায় বিশাল ও ব্যাপক। ট্রাজেডি একটি বিশেষ কাল-সীমার মধ্যে মঞ্চস্থ হয় বলেই তার আয়তনেরও একটি নির্দিষ্ট সীমা আছে।মহাকাব্যে এই সীমাবদ্ধতা না থাকায় তার আয়তনেরও নির্দিষ্ট সীমা নির্দেশের প্রয়োজন হয় না।

২)ট্রাজেডির তুলনায় মহাকাব্যে অলৌকিক বা বিস্ময়ায়কর উপাদানের স্থান বেশি।এই সমস্ত উপাদানের ব্যবহার বাহুল্য ট্রাজেডির ক্ষেত্রে প্রশংসনীয় নয়,কিন্তু মহাকাব্যের ক্ষেত্রে তা একান্ত স্বাভাবিক।

৩)মহাকাব্য শ্রব্য কাব্য এবং বর্ণনামূলক(narrative in form),কিন্তু ট্রাজেডি হলো দৃশ্যকাব্য এবং কার্যাত্মক(form in action)।

৪)মহাকাব্যের আদি-মধ্যে-অন্ত পর্ব বিশিষ্ট গঠন রীতিতে নিজস্ব ঐক্য থাকলেও ট্রাজেডির তুলনায় মহাকাব্যের গঠন শিথিলতর।

কাব্যতত্ত্বের অধিকাংশ স্থান জুড়ে উঠে এসেছে ট্রাজেডি ও মহাকাব্যের আলোচনা।তবে ধারণা করা হয়,কাব্যতত্ত্ব শুধু ট্রাজেডিরই আলোচনা-সেই অর্থে ট্রাজেডি তত্ত্ব।মহাকাব্যের প্রসঙ্গ এসেছে ট্রাজেডির সঙ্গে তার পার্থক্য দেখানোর জন্য।এই দেখার সূত্রেই এমন অভিমত পোষণ করা যায় যে,ট্রাজেডি ও মহাকাব্যের গঠন প্রায়শই এক।তফাৎ উল্লিখিত কয়েকটি ক্ষেত্র ছাড়াও ট্রাজেডির দৃশ্যসজ্জা,সংগীত ও ছন্দের বৈচিত্র মহাকাব্যে অনুপস্থিত।তাই ট্রাজেডি ও মহাকাব্যের তুলনামূলক আলোচনার শেষ কথায় বলা যায়-মহাকাব্যের সব অঙ্গ আছে ট্র্যাজেডিতে কিন্তু ট্রাজেডির সব অঙ্গ মহাকাব্যে নেয়।

------------------------------------